

সংবাদ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য মন্ত্রণালয়কে থার্মাল স্ক্যানার উপহার দিলো সামিট



ছবি ক্যাপশন: সামিট গ্রুপ অফ কোম্পানীজের ভাইস-চেয়ারম্যান মো. লতিফ খান, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মননীয় মন্ত্রী জাহিদ মালেক, এমপি-এর কাছে থার্মাল স্ক্যানারগুলো হস্তান্তর করেন।

(ঢাকা) ১২ মার্চ ২০২০, বৃহস্পতিবার: আজ দেশের বৃহত্তম অবকাঠামো উন্নয়নকারি প্রতিষ্ঠান সামিট গ্রুপ, কার্যকরিভাবে এবং দ্রুততার সাথে বাংলাদেশের আন্তর্জাতিক বিমানবন্দরসমূহে আগত যাত্রীদের তাপমাত্রা শনাক্তকরণের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে ৫টি বিশ্বমানের থার্মাল স্ক্যানার উপহার দিয়েছে। আন্তর্জাতিক বিমানবন্দরগুলোতে যাত্রীদের ভীরের মধ্যে জনস্বাস্থ্য এবং বিমানবন্দর সংশ্লিষ্ট কর্মকর্তাদের ব্যক্তিগত হ্যান্ডহেল্ড ডিভাইস দিয়ে কার্যকরিভাবে এবং কম সময়ে শরীরের তাপমাত্রা পরীক্ষা করা কষ্টসাধ্য। এই থার্মাল স্ক্যানারগুলো যাত্রীদের সঠিকভাবে জ্বর শনাক্তকরণে সাহায্য করবে, যা করোনাভাইরাসের (কোভিড-১৯) একটি প্রধান উপসর্গ। যাত্রীদের চিহ্নিতকরণের মাধ্যমে বিমানবন্দর এবং জনস্বাস্থ্য কর্মকর্তাদের ঝুঁকিপূর্ণ যাত্রীদের কোয়ারেন্টাইন কার্যক্রমকে ত্বরান্বিত করবে। এছাড়া সামিটের পৃষ্ঠপোষকতায় এই থার্মাল স্ক্যানারগুলো স্থাপনে সহযোগিতা করার জন্য সিংগাপুর থেকে দুইজন কর্মকর্তা এসেছেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মননীয় মন্ত্রী জাহিদ মালেক, এমপি, সামিট গ্রুপের ভাইস-চেয়ারম্যান মো. লতিফ খানের কাছে থেকে বিশ্বমানের এই থার্মাল স্ক্যানারগুলো গ্রহণ করেন। এই হস্তান্তর অনুষ্ঠানে সরকারি উচ্চপদস্থ কর্মকর্তা ছাড়াও আরও উপস্থিতি ছিলেন সামিট গ্রুপের পরিচালক আজিজা আজিজ খান, ফাদিয়া খান এবং সালমান খান।

সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান বলেন, “এই সংকটের সময় বিশ্বমানের এই থার্মাল স্ক্যানারগুলো সরবরাহের মাধ্যমে দেশের সেবার সুযোগ পাওয়ায় আমরা অত্যন্ত কৃতজ্ঞ।”

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল-mohsena.hassan@summit-centre.com | মোবাইল- ০১৭১৩০৮১৯০৫ |